বিজ্ঞান মনস্ক পরিবেশ গড়ি, বিজ্ঞান ভীতি দূর করি

মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষা উন্নয়ন প্রকল্পের বিজ্ঞান ক্লাবসমূহের

# সিসিবিভিও-বিএফএফ আন্তঃস্কুল বিজ্ঞান মেলা-২০১৬

# প্রতিবেদন














স্থান: কাকনহাট ফাজিল মাদ্‌রাসা প্রাঙ্গণ, গোদাগাড়ী, রাজশাহী

তারিখ: ২৬ নভেম্বর, ২০১৬, শনিবার, সকাল ১০ টা

অংশগ্রহণে: বিজ্ঞান ক্লাবসমূহ, গোদাগাড়ী ও পবা, রাজশাহী

আয়োজনে: কাকনহাট ফাজিল মাদ্‌রাসা, গোদাগাড়ী, রাজশাহী

সহযোগিতায়: সিসিবিভিও-রাজশাহী, বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন. ঢাকা ও কাকনহাট পৌরসভা

মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষা উন্নয়ন প্রকল্পের
"সিসিবিভিও-বিএফএফ আন্ত:স্কুল বিজ্ঞান মেলা ২০১৬"-এর

# প্রতিবেদন

স্থান: কাকনহাট ফাজিল মাদ্রাসা প্রাঙ্গণ
তারিখ: ২৬ নভেম্বর, ২০১৬, শনিবার


প্রতিবেদন প্রকাশকাল
ডিসেম্বর, ২০১৬



প্রতিবেদন তৈরী
**মোঃ নিরাবুল ইসলাম, প্রকল্প সমন্বয়কারী,**
পিএসই প্রকল্প, সিসিবিভিও

কর্মসূচি বাস্তবায়নে সহযোগিতায়
আরিফ, প্রশিক্ষণ সমন্বয়কারী ও
মাহাবুব জামান তপন, প্রকল্প সমন্বয়কারী
সিসিবিভিও

সম্পাদনা
মো: সারওয়ার-ই-কামাল
নির্বাহী প্রধান, সিসিবিভিও, রাজশাহী



প্রকাশক
সেন্টার ফর ক্যাপাসিটি বিল্ডিং অফ ভলান্টারী অর্গানাইজেশন
(সিসিবিভিও)
মহিষবাথান, রাজশাহী কোর্ট, রাজপাড়া,
রাজশাহী-৬২০১ কর্তৃক প্রকাশিত।


## সূচীপত্র


০১. ভূমিকা

০২. অংশগ্রহণকারী বিজ্ঞান ক্লাবসমূহের নিবন্ধন

০৩. অংশগ্রহণকারী বিজ্ঞান ক্লাবসমূহের স্টল সাজানো

০৪. জাতীয় পতাকা উত্তোলন ও অনুষ্ঠানের উদ্বোধন

০৫. অংশগ্রহণকারী ও অতিথিবৃন্দের র‌্যালী

০৬. অতিথিবৃন্দের স্টল পরিদর্শন

০৭. সভাপতি ও অতিথিবৃন্দের আসন গ্রহণ

০৮. মেলা আয়োজক প্রতিষ্ঠানের পক্ষে স্বাগত বক্তব্য

০৯. বিজ্ঞান শিক্ষা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার পক্ষে বক্তব্য

১০. প্রকল্প ও বিজ্ঞান মেলা সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা প্রদান

১১. প্রধান অতিথি ও বিশেষ অতিথিবৃন্দের বক্তব্য

১২. সভাপতির বক্তব্য

১৩. অংশগ্রহণকারী ও অতিথিবৃন্দের দুপুরের আহার

১৪. কুইজ প্রতিযোগিতা

১৫. পুরস্কার বিতরনী ও সমাপনী

১৭. পেপার কাটিং

**ভূমিকাঃ**

মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষা উন্নয়ন(পি.এস.ই) প্রকল্পের আওতায় রাজশাহী জেলাধীন গোদাগাড়ী উপজেলার কাকনহাট ফাজিল মাদ্‌রাসার আয়োজনে, গোদাগাড়ী ও পবা উপজেলার ৩৩টি বিজ্ঞান ক্লাবের অংশগ্রহণে এবং সিসিবিভিও-রাজশাহী, বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন-ঢাকা এবং কাকনহাট পৌরসভার সহযোগিতায় বিগত ২৬ নভেম্বর, ২০১৬, তারিখ সকাল ১০ টায় উপজেলার কাকনহাট ফাজিল মাদ্‌রাসা প্রাঙ্গণে "সিসিবিভিও-বিএফএফ আন্তঃস্কুল বিজ্ঞান মেলা-২০১৬" অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আলহাজ্ব ওমর ফারুক চৌধুরী, এম.পি.রাজশাহী-১ ( গোদাগাড়ী-তানোর)। বিশেষ অতিথি ছিলেন আলহাজ্ব আব্দুল মজিদ (মেয়র, কাকনহাট পৌরসভা, গোদাগাড়ী, রাজশাহী), সাজ্জাদুর রহমান চৌধুরী (নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন, ঢাকা), বদিউজ্জামান (সভাপতি, আওয়ামী লীগ, গোদাগাড়ী, রাজশাহী), মোঃ আব্দুর রশিদ (সাধারণ সম্পাদক, আওয়ামী লীগ, গোদাগাড়ী, রাজশাহী) অয়েজ উদ্দিন বিশ্বাস  (সভাপতি, আওয়ামী লীগ, গোদাগাড়ী পৌরসভা), মোঃ হুমায়ন কবির (সাধারণ সম্পাদক, আওয়ামী লীগ, কাকনহাট পৌরসভা), মোঃ শহিদুল ইসলাম (চেয়ারম্যান, ৪ নং রিশিকুল ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী), মোঃ আজাহার আলী (সহ-সভাপতি ও দাতা সদস্য, কাকনহাট ফাজিল মাদ্‌রাসা, গোদাগাড়ী, রাজশাহী)।

অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অংশগ্রহণকারী প্রতিটি প্রতিষ্ঠানের প্রধান ও তার প্রতিনিধিগণ, কাকনহাট পৌরসভার কাউন্সিলরবৃন্দ, এলাকার গণ্যমাণ্য ব্যক্তিবর্গ ও মিডিয়া প্রতিনিধি। এছাড়াও উপস্থিত ছিলেন অংশগ্রহণকারী প্রতিটি প্রতিষ্ঠানের বিজ্ঞান শিক্ষক ও অন্যান্য শিক্ষকমন্ডলীসহ শিক্ষার্থীগণ।

আরও উপস্থিত ছিলেন সহায়তাকারী প্রতিষ্ঠানদ্বয়ের পক্ষে মো: সারওয়ার-ই-কামাল, সাধারণ সম্পাদক ও নির্বাহী প্রধান, সিসিবিভিও।
মো: এস.এম. শফিউর রহমান, সভাপতি, দি স্টার্‌স বিজ্ঞান ক্লাব, কাকনহাট ফাজিল মাদ্‌রাসা, গোদাগাড়ী, রাজশাহী।

অনুষ্ঠানটি উপস্থাপন ও পরিচালনা করেন কাকনহাট ফাজিল মাদ্রাসার সহকারী শিক্ষক মো: আবু সাইদ হাফিজ কামাল উদ্দীন ও পিরিজিপুর উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক এসএম তিতুমীর।

**অনুষ্ঠানসূচী**

| | | |
|---|---|---|
| ০১ | নিবন্ধন | সকাল ০৯:০০- ১০:০০ |
| ০২ | স্টল  সাজানো | সকাল ০৯:০০- ১০:০০ |
| ০৩ | উদ্বোধনী  ও র‌্যালী | সকাল ১০:১৫- ১০:৩০ |
| ০৪ | স্টল পরিদর্শন | সকাল ১০:৪০- ১১:৪০ |
| ০৫ | আলোচনা সভায় সভাপতি ও অতিথিবৃন্দের আসন গ্রহণ | সকাল ১১:৪০- ১১:৫০ |
| ০৬ | স্বাগত বক্তব্য | সকাল ১১:৫০ : ১২:০০ |
| ০৭ | বিজ্ঞান শিক্ষা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার পক্ষে বক্তব্য | দুপুর ১২:০০ :১২:১০ |
| ০৮ | প্রকল্প ও বিজ্ঞান মেলা সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা | দুপুর ১২:১০ :১২:২০ |
| ০৯ | প্রধান অতিথি ও অতিথিবৃন্দের বক্তব্য | দুপুর ১২:২০ : ০১:১০ |
| ১০ | সভাপতির বক্তব্য | দুপুর ০১:১০ : ০১:১৫ |
| ১১ | দুপুরের আহার | দুপুর  ০১.১৫ : ০২.১৫ |
| ১২ | কুইজ প্রতিযোগিতা | দুপুর ০২.৩০ : ০৩.০০ |
| ১৩ | পুরস্কার বিতরনী ও সমাপনী অনুষ্ঠান | দুপুর  ০৩.০০: ০৪.০০ |

**অংশগ্রহণকারী শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দের নিবন্ধনঃ**

গোদাগাড়ী ও পবা উপজেলার ৩৩টি প্রতিষ্ঠানের শিক্ষক প্রতিনিধি ও বিজ্ঞান ক্লাবসমুহের সদস্যগণ মেলার শুরুতে কাকনহাট ফাজিল মাদ্‌রাসা প্রাঙ্গণে উপস্থিত হয় এবং মেলার অংশগ্রহণকারী হিসাবে নিজেদের নিবন্ধিত করেন এবং প্রত্যেকে টি-শার্ট ও ক্যাপ গ্রহণ করে। নিবন্ধনে সহায়তা করে ৫ জন স্বেচ্ছাসেবক ও সিসিবিভিও এর প্রতিনিধিগণ।

**অংশগ্রহণকারী বিজ্ঞান ক্লাবসমূহের স্টল সাজানোঃ**

"সিসিবিভিও-বিএফএফ-আন্তঃস্কুল বিজ্ঞান মেলায়" অংশগ্রহণকারী বিজ্ঞান ক্লাবসমূহ ও প্রতিষ্ঠানসমূহ প্রদর্শনী স্টল নিজ নিজ দায়িত্বে সাজিয়ে নেন। স্টলসমূহ সাজানোর ক্ষেত্রে অংশগ্রহণকারীবৃন্দকে সহায়তা করে দি স্টার্‌স বিজ্ঞান ক্লাবের ৪০ জন স্বেচ্ছাসেবক।

**প্রধান অতিথির আগমন ও বরণঃ**

অংশগ্রহণকারী বিজ্ঞান ক্লাবের সভাপতিগণ প্রধান অতিথিকে ফুলের তোড়া দিয়ে বরণ করেন এবং ভাটোপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়ের গার্ল্‌স গাইড গার্ড অব অনার দিয়ে মঞ্চে নিয়ে যায়।

**জাতীয় পতাকা উত্তোলন ও অনুষ্ঠানের উদ্বোধনঃ**

অনূষ্ঠানের প্রধান অতিথি জনাব আলহাজ্ব ওমর ফারুক চৌধুরী জাতীয় পতাকা উত্তোলন করেন এবং অন্যান্য অতিথিবৃন্দ, শিক্ষকমন্ডলী, অভিভাবকগণ, দর্শনার্থী ও সকল অংশগ্রহণকারী নিজ নিজ স্থানে দাঁড়িয়ে জাতীয় সংগীত কণ্ঠমিলিয়ে পরিবেশন করেন। জাতীয় পতাকা উত্তোলন শেষে প্রধান অতিথি বেলুন উড়িয়ে **"সিসিবিভিও-বিএফএফ আন্তঃস্কুল বিজ্ঞান মেলা-২০১৬"**এর শুভ উদ্বোধন ঘোষণা করেন ।

**অংশগ্রহণকারী  ও অতিথিবৃন্দের র‌্যালীঃ**

অভ্যাগত অতিথিবৃন্দসহ অংশগ্রহণকারী প্রতিটি বিদ্যালয়ের বিজ্ঞান ক্লাবের সদস্যগণ, শিক্ষকমন্ডলী, ও দশনার্থী র‌্যালীতে অংশগ্রহণ করেন। র‌্যালীটি মাদ্‌রাসা গেট থেকে শুরু হয়ে কাকনহাট বাজার ঘুরে রেল স্টেশন হয়ে আবার মাদ্‌রাসায় গিয়ে শেষ হয়। র‌্যালীতে বাদ্য যন্ত্র পরিবেশন করে ভাটোপাড়া উচ্চ বালিকা বিদ্যালয়ের গার্লস গাইড।

**স্টল পরিদর্শন:**

অভ্যাগত অতিথিবৃন্দসহ স্থানীয় জনপ্রতিনিধি, শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক, দর্শনার্থী, অংশগ্রহণকারী শিক্ষার্থী, অন্যান্য শিক্ষার্থী ও বিভিন্ন মিডিয়ার প্রতিণিধি প্রতিটি স্টল পরিদর্শন করেন। ৩৩টি বিজ্ঞান ক্লাব ২১০টি প্রজেক্ট ও ১০৩টি বিজ্ঞান বিষয়ক দেয়াল পত্রিকা প্রদর্শন করে।

**সিসিবিভিও-বিএফএফ আন্তঃস্কুল বিজ্ঞান মেলার স্থির চিত্র:**



চিত্র: ১




চিত্র: ২



চিত্র: ৩



চিত্র: ৪



চিত্র: ৫




চিত্র: ৬



চিত্র: ৭



চিত্র: ৮



চিত্র: ৯



চিত্র: ১০



চিত্র: ১১



চিত্র: ১২



চিত্র: ১৩



চিত্র: ১৪



চিত্র: ১৫

চিত্র-০১ : প্রধান অতিথিকে ফুল দিয়ে বরণ করছেন বিজ্ঞান ক্লাবের সভাপতি গণ।
চিত্র-০২ : বিজ্ঞান ক্লাবসমূহ তাদের নিজ নিজ স্টল সাজাচ্ছে।
চিত্র-০৩ : প্রস্তুতি নিচ্ছে গার্ল্স গাইড, ভাটোপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়।
চিত্র-০৪ : উদ্বোধনী পর্বে জাতীয় সংগীত পরিবেশন ও জাতীয় পতাকা উত্তোলন করছেন।
চিত্র-০৫ : বেলুন উড়িয়ে মেলার শুভ উদ্বোধন করছেন অনুষ্ঠানের প্রধান অতিথী জনাব আলহাজ্ব ওমর ফারুক চৌধুরী।
চিত্র-০৬ : সিসিবিভিও-বিএফএফ আন্তঃস্কুল বিজ্ঞান মেলা-২০১৬, র‍্যালীতে অংশগ্রহণকারী ও অতিথিবৃন্দ।
চিত্র-০৭ : র‍্যালীতে নেতৃত্ব দিচ্ছে ভাটোপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়ের গার্ল্স গাইড।
চিত্র-০৮ : র‍্যালীতে অংশগ্রহণকারীগণ।
চিত্র-০৯ : স্টল পরিদর্শন করছেন প্রধান অতিথি ও অতিথিবৃন্দ।
চিত্র-১০ : স্টল মূল্যায়ন করছেন মূল্যায়নকারী।
চিত্র-১১ : স্টল পরিদর্শন করছেন দর্শনার্থী।
চিত্র-১২ : ফুল দিয়ে বরণ করছেন প্রধান অতিথিকে।
চিত্র-১৩ : কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণকারীগণ।
চিত্র-১৪ : স্টল পরিদর্শন করছেন অতিথিবৃন্দ।
চিত্র-১৫ : নতুনকুঁড়ি বিজ্ঞান ক্লাবের স্টল।

**সভাপতি ও অতিথিবৃন্দের আসন গ্রহণ:**
অভ্যাগত অতিথিবৃন্দকে নিয়ে অনুষ্ঠানের সভাপতি আলোচনা সভায় অংশগ্রহনের জন্য আসন গ্রহণ করেন।

**বিজ্ঞান মেলা আয়োজক প্রতিষ্ঠানের পক্ষে স্বাগত বক্তব্য:**
**মো: জালাল উদ্দীন,** অধ্যক্ষ, কাকনহাট ফাজিল মাদ্‌রাসা: তিনি বলেন, "সিসিবিভিও-বিএফএফ অন্ত:স্কুল বিজ্ঞান মেলা-২০১৬" আয়োজক প্রতিষ্ঠানের পক্ষে উপস্থিত প্রধান অতিথি, অতিথিবৃন্দ, শিক্ষক, অভিভাবক ও অংশগ্রহণকারীগণকে স্বাগত জানিয়ে তিনি তার বক্তব্যের শুরুতে বলেন, আজকের এই মেলা আয়োজনে সহায়তা করার জন্য সিসিবিভিও, বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন, কাকনহাট পৌরসভাকে আন্তরিক ধন্যবাদ জানান। এছাড়াও ধন্যবাদ জানান ৪নং রিশিকুল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো: শহীদুল ইসলামকে, দেওপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আখতারুজ্জামানকে। এই বিজ্ঞান মেলা শিক্ষার্থীদের মিলন মেলা। এই ধরণের মেলা আয়োজন করা খুবই জরুরী। সবার সহযোগিতা থাকলে আমরা নিজেরাই আন্ত:স্কুল বিজ্ঞান মেলার আয়োজন করতে পারব। তিনি আরো কৃতজ্ঞতা প্রকাশ করেন স্থানীয়ভাবে যারা আর্থিক ও অন্যান্য সাহায্য করে এই বিজ্ঞান মেলা আয়োজনে উৎসাহিত করেছেন।

**বিজ্ঞান শিক্ষা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার পক্ষে বক্তব্য:**
বিজ্ঞান শিক্ষা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার পক্ষে উপস্থিত অতিথিবৃন্দ, শিক্ষক, অভিভাবক ও অংশগ্রহণকারীগণকে শুভেচ্ছা জানিয়ে জনাব **মো: সারওয়ার-ই-কামাল** বলেন, সিসিবিভিও বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের সহযোগিতায় ২০১২ সালে গোদাগাড়ী উপজেলার ২০টি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে "মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষা উন্নয়ন" প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু করে। পরবর্তীতে ২০১৫ সালে আরো ১০টি নতুন শিক্ষা প্রতিষ্ঠানকে এই প্রকল্পের অন্তর্ভূক্ত করা হয়। এই সময় প্রকল্প বাস্তবায়ন করতে গিয়ে যেসব সমস্যাগুলো পাওয়া যায় সেগুলো হল অপর্যাপ্ত ও দক্ষ বিজ্ঞান শিক্ষকের অভাব, শিক্ষার্থীদের নিকট বিজ্ঞান শিক্ষা ও পাঠ্যসূচী জটিলবোধ্য হওয়া, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবক মনে করে বিজ্ঞান শিক্ষার ব্যয় অধিক, হাতে কলমে বিজ্ঞান শিক্ষার অবকাঠামোগত ও প্রয়োজনীয় যন্ত্রপাতির সীমাবদ্ধতা, ব্যবহারিক শিক্ষায় বাস্তবসম্মত ও সহজবোধ্য পদ্ধতির সীমাবদ্ধতা এবং পরীক্ষাগারে ল্যাব উপকরণের স্বল্পতা।

এই সব সমস্যা সমাধানের জন্য সিসিবিভিও যেসব কাজগুলো করার চেষ্টা করেছে সেগুলো হলো প্রতিষ্ঠানের পরিচালনা কমিটিকে আরো সক্রিয় করা, প্রতিষ্ঠানের প্রধান প্রধান সম্যাসমূহকে চিহ্নিত করে তা সমাধানের জন্য কাজ করা, বর্তমান ও প্রাক্তন শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক ও স্থানীয় নাগরিক সমাজকে শিক্ষা প্রাতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির ও সার্বিক শিক্ষার মান উন্নয়নের কাজে অংশ নেয়ার উদ্যোগ গ্রহণ ও বিজ্ঞান শিক্ষা ও বিজ্ঞান মনস্ক পরিবেশের পক্ষে স্থানীয় ও জাতীয় পর্যায়ে জনমত গঠন করা।

এসকল কার্যক্রম করার ফলে যা হয়েছে তাহলো বিজ্ঞান শিক্ষার গুনগত ও সেবার মান বাড়নোর জন্য কর্ম এলাকায় বর্তমান ও প্রাক্তন ছাত্র, শিক্ষক, অভিভাবক, বিজ্ঞান অনুরাগী ও স্থানীয় নাগরিক সমাজ কিছুটা সংগঠিত হয়েছে, কর্ম এলাকায় মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিজ্ঞান শিক্ষার উন্নয়নের জন্য কাঠামোগত, পরিবেশগত, শিক্ষা ও প্রযুক্তিগত কার্যক্রমের পরিকল্পনা গৃহীত ও বাস্তবায়িত হয়েছে, কর্মএলাকায় মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বিজ্ঞান শিক্ষার পরিবেশে উল্লেখযোগ্য সংখ্যক বিজ্ঞান শিক্ষার্থী পাঠভুক্তকরণে সক্ষম হয়েছে, কর্ম এলাকায় মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মননশীল বিজ্ঞান মনস্ক মেধাবী শিক্ষার্থী গড়ে উঠা শুরু হয়েছে, মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে বিজ্ঞান শিক্ষা অনুশীলন ও ব্যবহারিক সরঞ্জামাদির সরবরাহের জন্য স্থানীয় পর্যায়ে কিছুটা উদ্যোক্তা গ্রহণ করছে।

তিনি আরো বলেন, আজকের এই অনুষ্ঠান দেখে বোঝা যায় যে, অনুষ্ঠান আয়োজনে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠান নিজ নিজ অবস্থান থেকে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন যা গোদাগাড়ী, পবা তথা সারা দেখে বিজ্ঞান মনস্ক পরিবেশ গঠনে সহায়ক ভূমিকা রাখবে। বিজ্ঞান মনস্ক পরিবেশ গঠনে সার্বিক সহায়তা কামনা করে তিনি তার বক্তব্যের সমাপ্তি টানেন।

**প্রকল্প ও বিজ্ঞান মেলা সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা:**
প্রকল্প ও বিজ্ঞান মেলা সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা নিয়ে আলোচনাকালে প্রকল্প সমন্বয়কারী **মোঃ নিরাবুল ইসলাম নিরব** বলেন, সিসিবিভিও ২০১২ সাল থেকে গোদাগাড়ী উপজেলার ২০টি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে কিছু লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে এই প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু করে। লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ হল:

**প্রকল্পের মূল লক্ষ্য:**
বিজ্ঞান চর্চা ও অনুশীলনের সুযোগ সৃষ্টির মাধ্যমে প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের বিজ্ঞান ভীতি দূর করে বিজ্ঞান বিষয়ে আগ্রহ সৃষ্টি করা ও বিজ্ঞান বিভাগে শিক্ষার্থীর সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি করা।

**প্রকল্পের উদ্দেশ্যসমূহ:**
- সুবিধাবঞ্চিত মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষা জনপ্রিয়করণ ও বিজ্ঞান শিক্ষার্থীর সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি করা।
- শিক্ষাথীদের পরিচালনায় প্রতিষ্ঠানে বিজ্ঞান ক্লাব গঠন ও সক্রিয় করা।
- শিক্ষক-অভিভাবক তথা কমিউনিটিতে বিজ্ঞান বিষয়ে আগ্রহ সৃষ্টি করা।
- শিক্ষার্থীদের উদ্ভাবিত উপকরণের মাধ্যমেই নিজ নিজ বিদ্যালয়ের বিজ্ঞানাগারের ভৌত সুবিধাদি গড়ে তোলা।
- সম্ভাবনাময় শিক্ষার্থীদের খুঁজে বের করার মাধ্যমে বৃহত্তর পরিসরে তাদের উদ্ভাবন গুলোকে তুলে ধরা।

**প্রকল্পের কর্মএলাকা:**
রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলার ২৮টি ও পবা উপজেলার ২টি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে "মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষার উন্নয়ন (প্রোমটিং সাইন্স এডুকেশন ইন সেকেন্ডারী স্কুলস-PSE) প্রকল্প বাস্তবায়িত হচ্ছে।

**প্রকল্পের উপকারভোগী:**
প্রকল্পের সরাসরি উপকারভোগী হবে শিক্ষা প্রতিষ্ঠনসমূহের ছাত্র-ছাত্রী। পরোক্ষ উপকারভোগী হবে প্রাক্তন ছাত্র-শিক্ষক, অভিভাবক, বিজ্ঞান অনুরাগী ও স্থানীয় নাগরিক সমাজ।

**প্রকল্পের প্রধান কার্যক্রম:**

১. **মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধির জন্য শিক্ষক, বিজ্ঞান অনুরাগী, অভিভাবক ও স্থানীয় নাগরিক সমাজের প্রতিনিধিদের অংশগ্রহণ বৃদ্ধি করা।**

- অভিভাবক ও ম্যানেজমেন্ট কমিটির সাথে সভা।
- ছাত্র, শিক্ষক, বিজ্ঞান অনুরাগী,অভিভাবক ও স্থানীয় নাগরিক সমাজ প্রতিনিধিদের নিয়ে সক্ষমতা বৃদ্ধি প্রশিক্ষণ কর্মশালা।
- ছাত্র, শিক্ষক, অভিভাবক, বিজ্ঞানা অনুরাগী, নাগরিক সমাজ ও সাংবাদিকদের সংগঠিত করার জন্য নিয়মিত আলোচনা সভা।
- স্থানীয় ও জাতীয় পর্যায়ের প্রচার মাধ্যমের ও বিশিষ্ট নাগরিক সমাজের প্রতিনিধি নিয়ে সেমিনার।

২. **মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিজ্ঞান শিক্ষার্থীদের নেতৃত্বে বিজ্ঞান ক্লাব গড়ে তুলা।**

- শিক্ষার্থীদের বিজ্ঞান বিষয়ে সংগঠিত করে তোলার জন্য নিয়মিত সভা।
- স্বল্পমূল্যের বৈজ্ঞানিক কিট-এর মাধ্যমে পাঠ্যপুস্তকের ব্যবহারিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করা।
- শিক্ষার্থীদের বিজ্ঞান ব্যবহারিক প্রশিক্ষণ আয়োজন করা।
- আলোচনা সভা ও বিজ্ঞান মেলার আয়োজন করা (শিক্ষাপ্রতিষ্ঠাণ, উপজেলা, জেলা ও শিক্ষা প্রতিষ্ঠাণের শ্রেণীসমূহে বিজ্ঞান বিষয়ে প্রতিযোগিতা ও বিতর্কের আয়োজন করা)।
- সহপাঠীর সাথে সহপাঠীর শিক্ষাকে (Peer Education) উৎসাহিত করা।

**প্রকল্পের প্রত্যাশিত ফলাফল ঃ**

- কর্ম এলাকার গুনগত মানসম্মত বিজ্ঞান শিক্ষার পক্ষে বর্তমান ও প্রাক্তন ছাত্র, শিক্ষক, অভিভাবক, বিজ্ঞান অনুরাগীগণ সংগঠিত হবেন।
- কর্ম এলাকায় মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিজ্ঞান শিক্ষার উন্নয়নের জন্য প্রাতিষ্ঠানিক উদ্যোগ গৃহীত হবে।
- কর্ম এলাকায় মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিজ্ঞান শিক্ষার্থীগণ পড়ে থাকা বা স্বল্প মূল্যে উপকরণ ব্যবহার করে বিজ্ঞান শিক্ষার ব্যবহারিক অনুশীলনের উপযোগী সরঞ্জামাদির তৈরি করতে ও তা ব্যবহার করতে সক্ষম হবে।
- কর্মএলাকায় মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিজ্ঞানশাখায় শিক্ষার্থী অন্তর্ভুক্তিকরণ বৃদ্ধি পাবে।
- কর্মএলাকায় মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিজ্ঞান শিক্ষা অনুশীলনও ব্যবহারিক সরঞ্জামাদির সরবরাহের জন্য স্থানীয় পর্যায়ে উদ্যোক্তা গড়ে উঠবে।
- বিজ্ঞানমনস্ক প্রজন্ম সৃষ্টি।

**প্রকল্প বাস্তবায়নে সমস্যা ও বাধাসমূহ**

- গ্রাম পর্যায়ে অভিভাবকদের দারিদ্রতা ও আর্থিক সংকট ।
- বিজ্ঞান শিক্ষক সংকট, বিজ্ঞান সরঞ্জামের অভাব ও বিজ্ঞান শিক্ষার পরিবেশের অভাব।
- সরকারি-বেসরকারি বিদ্যালয়ে শিক্ষকদের অসম বেতন-ভাতার কারণে বেসরকারী শিক্ষকদের মাঝে অসন্তোষ বৃদ্ধি।
- শিক্ষকদের ব্যবহারিকের উপর প্রশিক্ষণ স্বল্প থাকার ফলে বিজ্ঞান শিক্ষকগণের ব্যবহারিক প্রশিক্ষণের দক্ষতা কম।
- বিজ্ঞান শিক্ষার জন্য বিদ্যালয়সমূহে আলাদা বাজেট না থাকা।

**প্রকল্প বাস্তবায়নের প্রধান চ্যালেঞ্জসমূহ**

- বিজ্ঞান শিক্ষার স্ব-পক্ষে মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা গড়ে তোলা।
- বিজ্ঞান শিক্ষার প্রতি শিক্ষার্থীদের আকৃষ্ট করা।
- বিজ্ঞান মনস্ক ও সহায়ক পরিবেশ গড়ে তোলা

**প্রকল্পের বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের মধ্য দিয়ে- প্রকল্পের ভবিষ্যত সম্ভাবনা ঃ**

- শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি পাবে এবং ধীরে ধীরে সমম্যাগুলি সমাধানের জন্য উদ্যোগী হবে।
- বর্তমান ও প্রাক্তন ছাত্র, শিক্ষক, অভিভাবক, বিজ্ঞান অনুরাগী ও স্থানীয় নাগরিক সমাজ নিজেরা সংগঠিত হবে।
- এসকল সামাজিক সংগঠনসমূহ বিজ্ঞান শিক্ষার উন্নয়নে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন কর্মসূচীকে সম্মিলিতভাবে বাস্তবায়ন করবে।
- দরিদ্র ও নবীন বিজ্ঞান শিক্ষার্থী ও অভিভাবকদের বিজ্ঞান শিক্ষার প্রতি অনীহা দূর হবে।
- শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বিজ্ঞান শিক্ষার পরিবেশ ও মননশীল বিজ্ঞান মনস্ক মেধাবী শিক্ষার্থী গড়ে উঠবে।
- শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সাথে সরকারী-বেসরকারী সংস্থাসমূহের লিংকেজ তৈরি হবে।
- রাষ্ট্রীয় উদ্যোগে বিজ্ঞান শিক্ষা তথা বিজ্ঞান মনস্ক পরিবেশ গঠনের স্ব-পক্ষে স্থানীয় পর্যায়ে সহায়ক শক্তি তথা ভিত্তি গড়ে উঠবে।
- জাতীয় ক্ষেত্রে বিভিন্ন বিজ্ঞান ও প্রযুক্তি মনস্ক কর্মীর ঘাটতি পূরণ হবে।
- কৃষি, শিল্প ও খনিজ সম্পদ উৎপাদনের পথ উন্মুক্ত হবে এবং স্ব-নির্ভর জাতীয় আয় বৃদ্ধি পাবে ।
- উন্নত ও বিজ্ঞান মনস্ক সাংস্কৃতিক পরিবেশ গড়ে উঠবে।

**প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রমের ফলাফল:**

- বিজ্ঞান ক্লাবের সদস্যগণ সংগঠিত হচ্ছে এবং প্রতিবছর বিজ্ঞান ক্লাবের সদস্য সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। ২০১২ সালে মোট শিক্ষার্থীর ১৪.১৫% বিজ্ঞান ক্লাবের সদস্য, ২০১৩ সালে ১৪.৮৭%, ২০১৪ সালে ১৫.৯৬%, ২০১৫ সালে ২১.১৬% এবং ২০১৬ সালে ৩১.৫৬%।
- পড়ে থাকা ও স্বল্প মূল্যের উপকরণ দিয়ে পাঠ্য বই এর বিভিন্ন সুত্রের প্রমাণ করা হয়েছে ৮০টি ও তার গাইড লাইন তৈরি করা হয়েছে যা শিক্ষার্থীরা ব্যবহার করছে।
- বিজ্ঞান ক্লাবসমূহ ২০১২ থেকে চলতি সময় পর্যন্ত অর্থ সঞ্চয় করেছে সর্বমোট ১,৬৩,০৬৮/-, ব্যয় করেছে ৭৯,৫৭৪/- এবং স্থিতি ৮৩,৪৯৯/-।
- বিজ্ঞান ক্লাবের সদস্যগণ উপজেলা, জেলা, বিভাগীয় ও জাতীয় পর্যায়ে বিজ্ঞান বিষয়ক বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করছে।
- বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন ও মজিবর রহমান ফাউন্ডেশনের সহায়তায় গোদাগাড়ীর ১১টি ও পবা উপজেলার ৬টি শিক্ষা প্রতিষ্ঠানকে বিজ্ঞানাগারের ল্যাব উপকরণ প্রদান করা হয়েছে।
- প্রতীচী ট্রাস্ট ও বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের সহায়তায় গোদাগাড়ী উপজেলার ৫ জন বিজ্ঞান বিভাগের মেধাবী ছাত্রীকে ২ বছর মেয়াদী বৃত্তি প্রদান করা হচ্ছে।
- বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন, মজিবর রহমান ফাউন্ডেশন ও সিসিবিভিও এর যৌথ সহযোগিতায় গোদাগাড়ী ও পবা উপজেলার ৭৯জন বিজ্ঞান শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ২০১২ সালে বিদ্যালয়ের ৯ম শ্রেণীর মোট শিক্ষার্থীর ২৮.৩% বিজ্ঞান শিক্ষার্থী, ২০১৩ সালে ২৯.৪৪%, ২০১৪ সালে ৩০.২২%, ২০১৫ সালে ৩৪.৪৫% এবং ২০১৬ সালে ৩৪.৯৯%।

**গোদাগাড়ী ও পবা উপজেলার ৩০টি প্রতিষ্ঠানের ৯ম শ্রেণীর বিজ্ঞান শিক্ষার্থী বৃদ্ধির হার (২০১২ থেকে ২০১৬ পর্যন্ত):**

| বছর | শিক্ষার্থীর সংখ্যা | | ৯ম শ্রেণীর মোট শিক্ষার্থীর সংখ্যা | | ৯ম শ্রেণীর মোট বিজ্ঞান শিক্ষার্থীর সংখ্যা | | ৯ম শ্রেণীর গড় বিজ্ঞান শিক্ষার্থী বৃদ্ধির হার |
|---|---|---|---|---|---|---|---|
| | ছাত্রী | ছাত্র | ছাত্রী | ছাত্র | ছাত্রী | ছাত্র | |
| ২০১২ | ৩৭৩৪ | ৩৫২৫ | ৬১১ | ৫৯০ | ১৩৮ | ২০২ | ২৮.৩০% |
| ২০১৩ | ৩৮৩৫ | ৩৫৭৩ | ৬৮১ | ৫৬৯ | ১৫৪ | ২১৪ | ২৯.৪৪% |
| ২০১৪ | ৪,২৯৩ | ৩,৯৩২ | ৭৭০ | ৬৯৯ | ২২০ | ২২৪ | ৩০.২২% |
| ২০১৫ | ৪,৩৯২ | ৪,২৬৬ | ৭০২ | ৭৭৮ | ২১৪ | ২৯৬ | ৩৪.৪৫% |
| ২০১৬ | ৬,২৫০ | ৬,০২৩ | ১,১৮০ | ১,১০৩ | ৩৯৬ | ৪০৩ | ৩৪.৯৯% |

**প্রধান অতিথি ও বিশেষ অতিথিবৃন্দের বক্তব্য:**

**মো: শহিদুল ইসলাম,** চেয়ারম্যান, ৪নং রিশিকুল ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী: তিনি বলেন, সিসিবিভিও অনেকদিন যাবৎ বিজ্ঞান শিক্ষা নিয়ে কাজ করছে। এই কার্যক্রমে অনেকবার অংশগ্রহণ করেছি তাতে মনে হয়েছে প্রতিটি স্কুলে বিজ্ঞান ক্লাব থাকা খুবই জরুরী। তাই প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার কাছে অনুরোধ আমার ইউনিয়নের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে এই ধরণের কাজ করে এবং এই কার্যক্রম বাস্তবায়নে যেকোন ধরণের সহায়তা আমার পরিষদ থেকে থাকবে।

**সাজ্জাদুর রহমান চৌধুরী,** নিবাহী পরিচালক, বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশণ, ঢাকা: তিনি বলেন, বিজ্ঞান মেলার মাধ্যমে শিক্ষার্থীদের বিজ্ঞান চর্চার প্রতি আগ্রহ বাড়ে। নতুন আবিষ্কারের চর্চায় তারা উদ্বুদ্ধ হয়। এই মেলা তাদের উৎসাহ বাড়াবে। তিনি কারো বলেন, আমরা সম্ভাবনার আলো প্রত্যন্ত অঞ্চলের লাখো-কোটি শিক্ষার্থীর মধ্যে। বিজ্ঞান শিক্ষা জনপ্রিয়করণে বিজ্ঞান অলিম্পিয়াড়, গণিত অলিম্পিয়াড়, শিশু-কিশোর বিজ্ঞান কংগ্রেস, বিজ্ঞান মেলা, বিজ্ঞান লাইব্রেরি ইত্যাদি প্রতিযোগিতায় গোদাগাড়ী উপজেলার শিক্ষার্থীদের অংশগ্রহণে সুযোগ সৃষ্টি করে দেয়া হয়। পরিবেশে তিনি বলেন, আমাদের সবাইকে এগিয়ে নিতেই হবে এদেশটাকে বিজ্ঞান মনস্কতার মধ্য দিয়ে গড়ে তুলতে হবে নতুন প্রজন্মকে, এগিয়ে নিতে হবে জাতিকে। যেতে হবে সম্মুখে, যেতে হবে বহুদুর।

**মো: আব্দুল মজিদ,** মেয়র, কাকনহাট পৌরসভা, গোদাগাড়ী উপজেলা: তিনি বলেন এই ধরণের বিজ্ঞান মেলা গোদাগাড়ী উপজেলার বিভিন্ন বিদ্যালয়ে আয়োজনের জন্য অনুরোধ করেন এবং ভবিষ্যতে এই ধরণের অনুষ্ঠান আয়োজনে সার্বিক সহযোগিতা করবেন বলে মত প্রকাশ করেন। শেখ হাসনার ডিজিটাল বাংলাদেশকে এগিয়ে নেয়ার জন্য বিজ্ঞান শিক্ষার প্রসার করার জন্য অনুরোধ করেন। তিনি কাকনহাট ফাজিল মাদ্রাসাকে এ ধরণের অনুষ্ঠান আয়োজনের জন্য বিশেষভাবে ধন্যবাদ জানান। পরিশেষে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ও সহায়তাকারী সংস্থাকে গোদাগাড়ী উপজেলায় এই ধরণের কাজ করার জন্য বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করে তিনি তার বক্তব্য শেষ করেন।

**প্রধান অতিথির অভিভাষণ:**

**আলহাজ্ব ওমর ফারুক চৌধুরী,** এম.পি.রাজশাহী-১, গোদাগাড়ী-তানোর: প্রকৃতির ভিতরেই বিজ্ঞানের সকল উদ্ভাবনী বিষয় লুকায়িত আছে। তিনি বলেন, বিজ্ঞান বর্তমানে অপ্রয়োজনীয় পণ্য ব্যবহার করে নতুন নতুন বিষয় উদ্ভাবন করছে। আমরা প্রতিনিয়ত যে জিনিসিগুলো ফেলে দিচ্ছি সেগুলো নিয়ে আমরা যদি নিজেরা পড়ি এবং চর্চা করি তাহলে সৃষ্টির নেশা তৈরি হবে। যখনি আমরা নতুন কিছু সৃষ্টি করার নেশাতে পরিণত করতে পারব আমি যখন সৃষ্টির উম্মাদনায় নিজেকে পাগল করে ফেলতে পারব, আর তখনি আমরা জ্ঞানের উপরের স্তরের মানুষ হয়ে যেতে পারব। সৃষ্টি করার নেশা থেকে বিজ্ঞানের উন্নয়ন ও সম্ভাবনার উদ্ভব হয়। তিনি বরেন্দ্র অঞ্চলের পোড়া মাটির সন্তানদের বিজ্ঞান চর্চা করে দেশের উন্নয়নে কাজে লাগানোর আহ্বান জানান। পৃথিবীর সব কিছু নিয়ন্ত্রিত হয় বিজ্ঞানের দ্বারা, বিজ্ঞান ছাড়া উন্নয়ন করা কোন দেশের পক্ষে সম্ভব নয়। আগামীতে আরও সুন্দর করে এই আয়োজনের জন্য সকল প্রকার সহযোগিতা করবেন বলে তিনি আশ্বাস প্রদান করেন।

**সভাপতির বক্তব্য:**

মো: এস.এম. শফিউর রহমান, সভাপতি, আলোচনা সভা, "সিসিবিভিও-বিএফএফ আন্ত:স্কুল বিজ্ঞান-২০১৬: তার বক্তব্যে বলেন, আজকের অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথি, অতিথীবৃন্দ, শিক্ষক মহোদয়, অংশগ্রহণকারী বিজ্ঞান ক্লাবসমূহ, অন্যান্য ছাত্র-ছাত্রী, দর্শনার্থী ও সহযোগী সংগঠনসহ সবায়কে আন্তরিক শুভেচ্ছা ও সালাম জানায়। আজকের এই বিজ্ঞান মেলা আয়োজনে মাধ্যমিক পর্যায়ের বিজ্ঞান ক্লাবসমূহ, বাস্তবায়নকারী সংস্থা সিসিবিভিও এবং সহায়তাকারী সংস্থা বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন ও স্থানীয় দাতা ও সহায়তাকারীদের আন্তরিক ধন্যবাদ জানান, কারণ তাদের সহায়তা ছাড়া এই মেলা আয়োজন করা সম্ভব হত না। সবার কাছে অনুরোধ থাকবে আমরা যেন প্রতিবছর এই রকম বিজ্ঞান মেলার আয়োজন করতে পারি এই আকাংখাকে সামনে রেখে তিনি আলোচনা পর্বের সমাপ্তি ঘোষণা করেন।

**বিজ্ঞান মেলার আলোচনা সভার আলোচকবৃন্দের স্থির চিত্র ও তার পরিচিতি:**


চিত্র: ১


চিত্র: ২


চিত্র: ৩


চিত্র: ৪


চিত্র: ৫


চিত্র: ৬


চিত্র: ৭


চিত্র: ৮


চিত্র: ৯

চিত্র-০১ : মো: আবু সাইদ হাফিজ কামাল উদ্দীন, উপস্থাপক, আলোচনা সভা, সিসিবিভিও-বিএফএফ আন্তঃস্কুল বিজ্ঞান মেলা-২০১৬ ।

চিত্র-০২ : মো: জালাল উদ্দীন, অধ্যক্ষ, কাকনহাট ফাজিল মাদ্‌রাসা।

চিত্র-০৩ : মো: নিরাবুল ইসলাম, সমন্বয়কারী, পিএই ই প্রকল্প, সিসিবিভিও।

চিত্র-০৪ : মো: শহিদুল ইসলাম, চেয়ারম্যান, ৪নং রিশিকুল ইউনিয়ন পরিষদ।

চিত্র-০৫ : মোঃ সারওয়ার-ই-কামাল, সাধারণ সম্পাদক ও নির্বাহী প্রধান, সিসিবিভিও।

চিত্র-০৬ : সাজ্জাদুর রহমান চৌধুরী, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন, ঢাকা।

চিত্র-০৭ : আলহাজ্ব আব্দুল মজিদ, মেয়র, কাকনহাট পৌর সভা, গোদাগাড়ী, রাজশাহী।

চিত্র-০৮ : আলহাজ্ব ওমর ফারুক চৌধুরী, এম.পি.রাজশাহী-১ ( গোদাগাড়ী-তানোর)।

চিত্র-০৯ : মো: এস.এম. শফিউর রহমান, সভাপতি, দি স্টার্স বিজ্ঞান ক্লাব, কাকনহাট ফাজিল মাদ্‌রাসা, গোদাগাড়ী, রাজশাহী।

**দুপরের খাবার বিরতি:**

সকল অংশগ্রহণকারী ও অতিথিবৃন্দ দুপুরের খাবারের বিরতিতে যান। খাবার পরিবেশন করে উক্ত মেলার খাদ্য কমিটি।

**কুইজ প্রতিযোগিতা:**

বিজ্ঞান মেলায় অংশগ্রহণকারী প্রতিটি বিজ্ঞান ক্লাব থেকে একজন করে সদস্য কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। নির্দিষ্ট প্রশ্নপত্রের ভিত্তিতে একটি নির্দিষ্ট শ্রেণী কক্ষে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

বিজ্ঞান মেলার প্রজেক্ট ও দেয়াল পত্রিকা মূল্যায়ন কমিটি নিম্নরুপ:

| ক্র নং | নাম | পদবী | প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|
| ১ | মো: আব্দুল খালেক | সাবেক বিজ্ঞান শিক্ষক | কাকনহাট উচ্চ বিদ্যালয় |
| ২ | আতাউল গণি মো: রমজান আলী | প্রভাষক, পদার্থ বিদ্যা | শহীদ মামুন মাহমুদ পুলিশ লাইন স্কুল এন্ড কলেজ |
| ৩ | দেওয়ান আবু সাঈদ এমরান | সহ: শিক্ষক(বিএসসি) | কাশিয়াডাংগা উচ্চ বালিকা বিদ্যালয় |

**পুরস্কার বিতরনী ও সমাপনী:**

পুরস্কার বিতরণী ও সমাপনী পর্বে উপস্থিত ছিলেন কাকনহাট পৌরসভার মেয়র আলহাজ্ব আব্দুল মজিদ, বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক সাজ্জাদুর রহমান চৌধুরী, সিসিবিভিওর নির্বাহী প্রধান সারওয়ার-ই-কামাল, গোদাগাড়ী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রশিদ, ৪ নং রিশিকুল ইউনিয়নের চেয়ারম্যান মো: শহিদুল ইসলাম, এলজিইডির প্রকৌশলী রায়হান কবির, স্থানীয় ব্যবসায়ী মো: শরিফ উদ্দিনসহ সকল প্রধান শিক্ষক ও অধ্যক্ষ মহাদয়গণ। অনুষ্ঠানটি পরিচালনা করেন সিসিবিভিওর প্রকল্প সমন্বয়কারী মো: নিরাবুল ইসলাম নিরব।

**১. সম্মাননা পুরস্কার:** গোদাগাড়ী উপজেলায় বিজ্ঞান শিক্ষার অনুকুল পরিবেশ তৈরিতে বিশেষ ভূমিকা রাখার জন্য সিসিবিভিও এবং বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনকে সম্মাননা স্মারক প্রদান করেন কাকনহাট পৌর মেয়র আলহাজ্ব আব্দুল মজিদ। সিসিবিভিওর পক্ষে সম্মাননা স্মারক গ্রহণ করেন সংস্থার নির্বাহী প্রধান মো: সারওয়ার-ই-কামাল এবং বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের পক্ষে সম্মাননা স্মারক গ্রহণ করেন ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক সাজ্জাদুর রহমান চৌধুরী।

**২. মূল্যায়নকারী:** মূল্যায়ন কমিটির সদস্যগণ শুভেচ্ছা পুরস্কার গ্রহণ করেন।

- জনাব মো: আব্দুল খালেক, সাবেক বিজ্ঞান শিক্ষক, কাকনহাট উচ্চ বিদ্যালয়।
- জনাব আতাউল গণি মো: রমজান আলী, প্রভাষক, শহীদ মামুন মাহমুদ পুলিশ লাইন স্কুল এন্ড কলেজ।
- জনাব দেওয়ান আবু সাঈদ এমরান, বিজ্ঞান শিক্ষক, কাশিয়াডাংগা উচ্চ বালিকা বিদ্যালয়।

**৩. শুভেচ্ছা স্মারক:** বিজ্ঞান মেলায় অংশগ্রহকারী প্রতিটি বিজ্ঞান ক্লাব শুভেচ্ছা স্মারক, একটি ইংরেজী অভিধান ও একটি বই পর্যায়ক্রমে অতিথিদের নিকট থেকে গ্রহণ করেন।

| ক্র নং | প্রতিষ্ঠানের নাম | বিজ্ঞান ক্লাবের নাম |
|---|---|---|
| ০১ | গোদাগাড়ী স্কুল এন্ড কলেজ | আদর্শ বিজ্ঞান ক্লাব |
| ০২ | ভাটোপাড়া বালিকা উচ্চ বিদ্যালয় | নতুন কুঁড়ি বিজ্ঞান ক্লাব |
| ০৩ | পিরিজপুর উচ্চ বিদ্যালয় | পি.এইচ.এস বিজ্ঞান ক্লাব |
| ০৪ | উত্তরা বালিকা উচ্চ বিদ্যালয় | প্রযুক্তি বিজ্ঞান ক্লাব |
| ০৫ | প্রেমতলী বালিকা উচ্চ বিদ্যালয় | দিগন্ত প্রসারী বিজ্ঞান ক্লাব |
| ০৬ | প্রেমতলী সুকবাসিয়া উচ্চ বিদ্যালয় | নিউটন বিজ্ঞান ক্লাব |
| ০৭ | বিড়ইল উচ্চ বিদ্যালয় | ডক্টর ওয়াজেদ বিজ্ঞান ক্লাব |
| ০৮ | সোনাদিঘী উচ্চ বিদ্যালয় | মুক্তি বিজ্ঞান ক্লাব |
| ০৯ | গুনিগ্রাম মাধ্যমিক বিদ্যালয় | ধুমকেতু বিজ্ঞান ক্লাব |
| ১০ | রাজাবাড়ী হাট উচ্চ বিদ্যালয় | ইউরেকা বিজ্ঞান ক্লাব |
| ১১ | রাজাবাড়ী হাট বালিকা উচ্চ বিদ্যালয় | গ্যালাক্সী বিজ্ঞান ক্লাব |
| ১২ | বলিয়া ডাইং আদর্শ উচ্চ বিদ্যালয় | নিউটন বিজ্ঞান ক্লাব |
| ১৩ | পালপুর উচ্চ বিদ্যালয় | নিহারিকা বিজ্ঞান ক্লাব |
| ১৪ | কদমশহর উচ্চ বিদ্যালয় | অন্বেষন বিজ্ঞান ক্লাব |
| ১৫ | গোগ্রাম স্কুল এন্ড কলেজ | প্রেরণা বিজ্ঞান ক্লাব |
| ১৬ | আই হাই উচ্চ বিদ্যালয় | নিউটন বিজ্ঞান ক্লাব |
| ১৭ | চব্বিশনগর উচ্চ বিদ্যালয় | আইন স্টাইন বিজ্ঞান ক্লাব |
| ১৮ | কাকনহাট উচ্চ বালিকা বিদ্যালয় | সবুজ সংঘ বিজ্ঞান ক্লাব |
| ১৯ | কাকনহাট ফাজিল মাদ্রাসা | দি স্টারস সংঘ বিজ্ঞান ক্লাব |
| ২০ | সেখের পাড়া উচ্চ বিদ্যালয় | দিশারী বিজ্ঞান ক্লাব |
| ২১ | হরিণবিস্কা উচ্চ বিদ্যালয় | আদর্শ বিজ্ঞান ক্লাব |
| ২২ | প্রতিভা মাধ্যমিক বিদ্যালয় | আর্কিমিডিস বিজ্ঞান ক্লাব |
| ২৩ | পিরিজপুর আলিম মাদ্রাসা | পিএএম বিজ্ঞান ক্লাব |
| ২৪ | ধরমপুর পালপুর আলিম মাদ্রাসা | রংধনু বিজ্ঞান ক্লাব |
| ২৫ | চব্বিশনগর ওয়াকফ দাখিল মাদ্রাসা | আল হিকমা বিজ্ঞান ক্লাব |
| ২৬ | দামকুড়াহাট উচ্চ বিদ্যালয় | জগদিস চন্দ্র বসু বিজ্ঞান ক্লাব |
| ২৭ | মুরারীপুর উচ্চ বিদ্যালয় | এডিশন বিজ্ঞান ক্লাব |
| ২৮ | বামলাহাল উচ্চ বিদ্যালয় | ম্যান্ডেলিফ বিজ্ঞান ক্লাব |
| ২৯ | কাদমা উচ্চ বিদ্যালয় | বসুন্ধরা বিজ্ঞান ক্লাব |
| ৩০ | মহিশালবাড়ী মাধ্যমিক বালিকা বি | লিনাস পলিং বিজ্ঞান ক্লাব |
| ৩১ | ঝিকড়া পাড়া আদর্শ উচ্চ বিদ্যালয় | - |
| ৩২ | চব্বিশনগর স্কুল এন্ড কলেজ | বন্ধু বিজ্ঞান ক্লাব |
| ৩৩ | রাজারামপুর চাত্রা আলিম মাদ্রাসা | - |

**৩. কুইজ প্রতিযোগিতায় পুরস্কার গ্রহণ:**

- তৃতীয় স্থান অর্জনকারী হালিমা তুস সাদিয়া, হরিণ বিস্‌কা উচ্চ বিদ্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।।
- দ্বিতীয় স্থান অর্জনকারী মো: পলাশ উদ্দিন, কদমশহর উচ্চ বিদ্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।
- প্রথম স্থান অর্জনকারী মো: সাহাদাতুল ইসলাম, গোদাগাড়ী স্কুল এন্ড কলেজ, গোদাগাড়ী, রাজশাহী।

**৪. দেয়াল পত্রিকায় পুরস্কার গ্রহণ:**

- তৃতীয় স্থান অর্জনকারী দেয়াল পত্রিকা ধুমকেতু, নিউটন বিজ্ঞান ক্লাব, বলিয়া ডাইং আদর্শ উচ্চ বিদ্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।
- দ্বিতীয় স্থান অর্জনকারী দেয়াল পত্রিকা দোয়েল, দিশারী বিজ্ঞান ক্লাব, সেখেরপাড়া উচ্চ বিদ্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।
- প্রথম স্থান অর্জনকারী দেয়াল পত্রিকা চল বিজ্ঞানের রাজ্যে, প্রযুক্তি বিজ্ঞান ক্লাব, উত্তরা বালিকা উচ্চ বিদ্যা:, গোদাগাড়ী, রাজশাহী।
- শ্রেষ্ঠ দেয়াল নির্বাচিত হয় বোসন, পিএইচএস বিজ্ঞান ক্লাব, পিরিজপুর উচ্চ বিদ্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।

**৫.বিজ্ঞান প্রজেক্টে পুরস্কার গ্রহণ:**

- তৃতীয় স্থান অর্জনকারী প্রজেক্ট আদর্শ খামার, আদর্শ বিজ্ঞান ক্লাব, হরিণ বিসকা উচ্চ বিদ্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।
- দ্বিতীয় স্থান অর্জনকারী প্রজেক্ট বিপরীত প্রতিক্রিয়া, এডিসন বিজ্ঞান ক্লাব, মুরারীপুর উচ্চ বিদ্যালয়, পবা, রাজশাহী।
- প্রথম স্থান অর্জনকারী প্রজেক্ট বৃষ্টির পানি সংরক্ষন, দি স্টরস সায়েন্স ক্লাব, কাকনহাট ফাজিল মাদ্‌রাসা, গোদাগাড়ী, রাজশাহী।
- শ্রেষ্ঠ প্রজেক্ট নির্বাচিত হয় ডিজিটাল সুইচ ডিভাইস, নিহারিকা বিজ্ঞান ক্লাব, পালপুর উচ্চ বিদ্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।

**৬. শ্রেষ্ঠ বিজ্ঞান ক্লাব-২০১৬ নির্বাচিত হয় অন্বেষন বিজ্ঞান ক্লাব,** কদমশহর উচ্চ বিদ্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।

**৭.শ্রেষ্ঠ বিজ্ঞান ক্লাব-২০১৬ নির্বাচিত হয় নতুন কুঁড়ি বিজ্ঞান ক্লাব,** ভাটোপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।

**বিজ্ঞান মেলায় পুরস্কার বিতরণের স্থির চিত্র ও তার পরিচিতি:**


চিত্র: ১


চিত্র: ২


চিত্র: ৩


চিত্র: ৪


চিত্র: ৫


চিত্র: ৬


চিত্র: ৭


চিত্র: ৮


চিত্র: ৯


চিত্র: ১০


চিত্র: ১১


চিত্র: ১২


চিত্র: ১৩


চিত্র: ১৪


চিত্র: ১৫


চিত্র: ১৬

চিত্র-০১: মূল্যায়নকারীর পুরস্কার গ্রহণ করছেন পুলিশ লাইন স্কুল এন্ড কলেজের প্রভাষক আতাউল গণি মো: রমজান আলী ।

চিত্র-০২: গোদাগাড়ী উপজেলায় বিজ্ঞান শিক্ষার অনুকুল পরিবেশ তৈরিতে বিশেষ ভূমিকা রাখার জন্য সিসিবিভিও সংস্থাকে সম্মাননা স্মারক দিচ্ছেন কাকনহাট পৌর মেয়র আলহাজ্ব আব্দুল মজিদ। সম্মাননা স্মারক গ্রহণ করছেন সংস্থার নির্বাহী প্রধান মো: সারওয়ার-ই-কামাল।

চিত্র-০৩: গোদাগাড়ী উপজেলায় বিজ্ঞান শিক্ষার অনুকুল পরিবেশ তৈরিতে সহায়তা করার জন্য বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনকে সম্মাননা স্মারক দিচ্ছেন কাকনহাট পৌর মেয়র আলহাজ্ব আব্দুল মজিদ। সম্মাননা স্মারক গ্রহণ করছেন ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক সাজ্জাদুর রহমান চৌধুরী।

চিত্র-০৪: বিজ্ঞান মেলার কুইজ প্রতিযোগিতার **১ম** স্থান অর্জনকারী গোদাগাড়ী স্কুল এন্ড কলেজের মো: সাহাদাতুল ইসলাম।

চিত্র-০৫: শুভেচ্ছা স্মারক গ্রহণ করছেন পালপুর উচ্চ বিদ্যালয়ের নিহারিকা বিজ্ঞান ক্লাবের প্রতিণিধি।
চিত্র-০৬: শুভেচ্ছা স্মারক গ্রহণ করছেন প্রেমতলী বালিকা উচ্চ বিদ্যালয়ের দিগন্ত প্রসারী বিজ্ঞান ক্লাবের প্রতিণিধি।
চিত্র-০৭: দেয়াল পত্রিকায় ৩য় স্থান অর্জনকারী বলিয়া ডাইং আদর্শ উচ্চ বিদ্যালয়ের নিউটন বিজ্ঞান ক্লাব।
চিত্র-০৮: দেয়াল পত্রিকায় ২য় স্থান অর্জনকারী  সেখেরপাড়া উচ্চ বিদ্যালয়ের দিশারী বিজ্ঞান ক্লাব।
চিত্র-০৯: দেয়াল পত্রিকায় ১ম স্থান অর্জনকারী  উত্তরা বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রযুক্তি বিজ্ঞান ক্লাব।
চিত্র-১০: শ্রেষ্ঠ দেয়াল পত্রিকা অর্জনকারী  পিরিজপুর উচ্চ বিদ্যালয়ের পিএইচএস বিজ্ঞান ক্লাব।
চিত্র-১১: প্রজেক্টে ৩য় স্থান অর্জনকারী  হরিণ বিস্কা উচ্চ বিদ্যালয়ের আদর্শ বিজ্ঞান ক্লাব।
চিত্র-১২: প্রজেক্টে ২য় স্থান অর্জনকারী  মুরারীপুর উচ্চ বিদ্যালয়ের এডিশন বিজ্ঞান ক্লাব।
চিত্র-১৩: প্রজেক্টে ১ম স্থান অর্জনকারী  কাকনহাট ফাজিল মাদ্রাসার দি স্টার্স সায়েন্স ক্লাব।
চিত্র-১৪: শ্রেষ্ঠ প্রজেক্ট অর্জনকারী  পালপুর উচ্চ বিদ্যালয়ের নিহারিকা বিজ্ঞান ক্লাব।
চিত্র-১৫: শ্রেষ্ঠ বিজ্ঞান ক্লাব-২০১৬ কদমশহর উচ্চ বিদ্যালয়ের অন্বেষন বিজ্ঞান ক্লাব।
চিত্র-১৬: শ্রেষ্ঠ বিজ্ঞান ক্লাব-২০১৬ ভাটোপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়ের নতুন কুঁড়ি বিজ্ঞান ক্লাব।

**পুরস্কার বিতরণী অনুষ্ঠানের সমাপনী পর্ব:** পুরস্কার বিতরণী অনুষ্ঠানের সমাপনী পর্বে কাকনহাট পৌরসভার মেয়র আলহাজ্ব আব্দুল মজিদ বলেন, বিজ্ঞান মেলা শিক্ষার্থীদের একটি মিলন মেলা। এখানে একে অন্যের উদ্ভাবনী প্রযুক্তিগুলো দেখবে এবং তাদের জ্ঞানের পরিধি বাড়াবে। তিতি বলেন গোদাগাড়ী উপজেলায় এই ধরণের কার্যক্রম অব্যাহত রাখার জন্য কাকনহাট পৌরসভা সব ধরণের সহায়তা করবে। তিনি আরো বলেন, এই মেলা আয়োজনে যাদের যাদের অংশগ্রহণ ও সহায়তার হাত বাড়িয়েছেন তাদের প্রত্যেককে আন্তরিকভাবে ধন্যবাদ জানায়। পরিশেষে সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে এই পর্বের সমাপ্তি ঘোষণা করেন।

# পেপার কাটিং


দৈনিক সানশাইন
রাজশাহী ॥ রোববার, ২৭ নভেম্বর ২০১৬
কাঁকনহাট বিজ্ঞানমেলায় সাংসদ ওমর ফারুক
লালমাটির সন্তানদের বিজ্ঞান মনোস্ক হয়ে উঠতে হবে


প্রকাশিত ছবি পৃষ্ঠা নং ২ কলাম ৭।৮, প্রকাশিত সংবাদ পৃষ্ঠা নং ২ কলাম ৭।৮,


উত্তরা প্রতিদিন
কাকনহাটে দিনব্যাপী বিজ্ঞান মেলার উদ্বোধন

প্রকাশিত ছবি পৃষ্ঠা নং ৩ কলাম ৬।৭।৮, প্রকাশিত সংবাদ পৃষ্ঠা নং ৩ কলাম। ৮,


দৈনিক সোনালী সংবাদ
রোববার ২৭ নভেম্বর ২০১৬
বিজ্ঞান আমাদের জীবনে অপরিহার্য, এটিকে সমাজে প্রতিষ্ঠিত করতে হবে
.........ফারুক চৌধুরী এমপি

প্রকাশিত সংবাদ পৃষ্ঠা নং ৭ কলাম ৫,


দৈনিক বার্তা
গোদাগাড়ীতে "সিসিবিভিও-বিএফএফ আন্তঃস্কুল বিজ্ঞান মেলা" অনুষ্ঠিত

প্রকাশিত সংবাদ পৃষ্ঠা নং ৬ কলাম। ৩,


সোনার দেশ
রোববার, ২৭ নভেম্বর ২০১৬
গোদাগাড়ীতে ৩৫টি বিজ্ঞান ক্লাবের অংশগ্রহণে বিজ্ঞান মেলা

প্রকাশিত সংবাদ পৃষ্ঠা ২ কলাম। ৬,

**daily sun**

Update : 2016-11-28 00:00:00
Science fair held in Rajshahi

Science fair held in Rajshahi

RAJSHAHI: A science fair was held on Kakonhat Fazil Madrasa Playground in Godagari Upazila of the district on Saturday. Center for Capacity Building of Voluntary Organisation (CCBVO) and Bangladesh Freedom Foundation (BFF) jointly organised the fair. Science Education Development in Secondary Schools Project supported the fair. "To build science-minded atmosphere: Technology is only the way of progress" was the main slogan of the fair. More than 5,000 students from 35 science clubs took part in the fair showcasing their scientific and ICT innovations. Main thrust of the fair was to encourage the young scientists alongside flourishing their innovative latent talents and building a science minded nation. Omor Faruque Chowdhury, MP, and Kakonhat Pourasava Mayor Abdul Mazid addressed the session as chief and special guests respectively with Shafiur Rahman, president of Star Science Club, in the chair. Executive director of BFF Sazzadur Rahman Chowdhury, CCBVO Executive Chief Sarwar-E-Kamal and its Project Coordinator Nirabul Islam and principal of the madrasa Jalal Uddin also spoke. Lawmaker Faruque Chowdhury said the science teachers of schools could play a due role in boosting the number of science-minded students which is very important for flourishing the sector of information and communication technology. —BSS

Print

## Science-minded students crucial for ICT sector: speakers

RAJSHAHI: Speakers at the inaugural session of a daylong inter-school science fair have said substantial and sustainable boosting the number of science-minded students has become indispensable for flourishing the sector of information and communication technology (ICT), reports BSS. They viewed there is no way but wide-ranging promotion of the science and technology sector to take the nation forward successfully. Center for Capacity Building of Voluntary Organization (CCBVO) and Bangladesh Freedom Foundation (BFF) jointly organized the fair on Kakonhat Fazil Madrasa Playground under Godagari Upazila of the district on Saturday. Science Education Development in Secondary Schools Project supported the fair. "To build science-minded atmosphere: Technology is only the way of progress" was the main slogan of the fair.

More than 5,000 students from 35 science clubs took part in the fair showcasing their scientific and ICT innovations. Main thrust of the fair was to encourage the young scientists alongside flourishing their innovative latent talents and building a science minded nation. Omor Faruque Chowdhury, MP, and Kakonhat Pourasava Mayor Abdul Mazid addressed the session as chief and special guests respectively with Shafiur Rahman, president of Star Science Club, in the chair.